

নাম: মো: জামাল হোসেন

জন্ম তারিখ: ১৫ আগস্ট, ২০২৫

শহীদ হওয়ার তারিখ: ১৯ জুলাই, ২০২৪

ব্যক্তিগত তথ্য:

পেশা : দিনমজুর,

শাহাদাতের স্থান : মোহাম্মাদপুর , বসিলা

শহীদের জীবনী

ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলার দেউলা ৮ নং ওয়ার্ডের চরটিটিয়া গ্রামের মোঃ আবুল কালাম ও শাহিদা বেগম দম্পতির চার সন্তানের মধ্যে মোঃ জামাল হোসেন বড়। জীবিকার তাগিদে তিনি দিনমজুর হিসেবে কর্মরত ছিলেন। পরিবার নিয়ে তিনি ঢাকার মোহাম্মাদপুর চাদউদ্যান বসিলা রোডে ভাড়া বাসায় থাকতেন। তার ১২ বছরের ১ জন কন্যা সন্তান রয়েছে। একমাত্র কর্মক্ষম জামাল হোসেন কে হারিয়ে পরিবারের সদস্যরা অসহায় হয়ে পড়েছেন। বর্তমানে নীরব নিস্তব্ধ শহীদ জামাল হোসেনের বাড়ি।

ঘটনার বিবরণ

গত ১৭ জুলাই বুধবার মো: জামাল হোসেন তার বাসার পাশেই মোহাম্মাদপুর বসিলা এলাকায় বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাথে একমত পোষণ করে তাদের সাথে আন্দোলনে যুক্ত হন। আন্দোলন চলাকালীন সময়ে পুলিশ সেখানে গুলি চালান। তখন জামাল হোসেন গুলিবিদ্ধ হন। সেখান থেকে পথচারীরা তাকে সোহরাওয়াদী মেডিকেল নিয়ে যান। সেখানে ১৯ জুলাই দুপুর ১২ টার সময় কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন।

জানাজা ও দাফন

পরবর্তীতে ১৯ জুলাই রাতে শহীদ জামাল হোসেনের জানাজা অনুষ্ঠিত হয়। জানাজা শেষে তাঁকে শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে চিরনিদ্রায় শায়িত করা হয়।

পারিবারিক অবস্থা

শহীদ জামাল হোসেন ছিলেন একজন দিনমজুর। তিনি ছিলেন পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। তার বাবা মৃত এবং মা বৃদ্ধা ও অসুস্থ। তার আয় দিয়েই বাসা ভাড়া, মায়ের চিকিৎসা ও সন্তানের লেখাপড়াসহ পরিবারের যাবতীয় খরচ চলতো। শহীদ জামাল হোসেনের অবর্তমানে তার সংসারের খরচ চালানো অসম্ভব হয়ে পড়েছে। তার পরিবার এখন মানবেতর জীবন অতিবাহিত করছেন।

হত্যার বিচার চাইলেন শহীদ জামালের পরিবার

শহীদের স্ত্রী রুমা বেগম বলেন, আমার স্বামী খুব সহজ সরল নীরহ মানুষ ছিলেন। আমাদের কন্যা লামিয়া আক্তার কে খুব আদর ও যত্ন নিতেন। তাকে নিয়ে তিনি অনেক স্বপ্ন দেখতেন। যারা আমার স্বামীকে হত্যা করেছে আমি তাদের বিচার দাবি করছি।

প্রস্তাবনা

- শহীদ পরিবারের নিয়মিত মাসিক ভাতার ব্যবস্থা করা
- শহীদ জামাল হোসেনের ১২ বছরের মেয়ের লেখাপড়ার যাবতীয় খরচ নিশ্চিত করা
- পাশাপাশি শহীদের পরিবারের জন্য আবাসনের ব্যবস্থা করা।

একনজরে শহীদ সম্পর্কিত ব্যক্তিগত তথ্যাবলি

নাম : মো: জামাল হোসেন

জন্ম : ১৫ /০৮ /১৯৮৭

পেশা : দিনমজুর

স্থায়ী ঠিকানা : গ্রাম: চরটিটিয়া, ইউনিয়ন: দেউলা ৮ নং ওয়ার্ড, থানা: বোরহানউদ্দিন, জেলা: ভোলা

পরিবারের তথ্য

পিতা : মো: আবুল কালাম (মৃত)

মাতা : শাহিদা বেগম

ভাই-বোন : ৩ জন

ঘটনার স্থান : মোহাম্মাদপুর, বসিলা রোড, ঢাকা

আক্রমণকারী : পুলিশ

আহত হওয়ার সময় : ১৭ জুলাই ২০২৪

মৃত্যুর তারিখ ও সময়, স্থান : ১৯ জুলাই ২০২৪ সোহরাওয়াদী হাসপাতাল

শহীদের কবরের বর্তমান অবস্থান : শহীদ বুদ্ধিজীবী কবরস্থান

